# সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর রশিদপুরস্থ ফ্র্যাকশনেশন প্ল্যান্টের ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট (CRU) থেকে বাল্ক এলপিজি বিক্রির দরপত্র তফসিল

**এলপি গ্যাস লিমিটেড**

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

১৪ জানুয়ারি, ২০২৬

LP GAS LTD. North Patenga

# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।**

## বাল্ক এলপিজি বিক্রির দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড কর্তৃক সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর রশিদপুরস্থ ফ্র্যাকশনেশন প্ল্যান্টের ক্যাটালাইটিক রিফরমিং ইউনিটে (CRU) মজুতকৃত/উৎপাদিত এলপিজি আগামী ০২ (দুই) বছরের জন্য সরাসরি বিক্রয়ের নিমিত্তে সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি পর্যায়ে পরিচালিত এলপিজি বটলিং প্ল্যান্ট/অটোগ্যাস স্টেশন পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| বাল্ক এলপিজি বিক্রয়ের স্থান | তফসিলের মূল্য (অফেরতযোগ্য) | জামানতের টাকা (ফেরতযোগ্য) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর রশিদপুরস্থ ফ্র্যাকশনেশন প্ল্যান্টের CRU Unit | ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) | ২০,০০,০০০/- (বিশ লক্ষ টাকা) | ০২/০২/২০২৬ ১২০০ ঘটিকা পর্যন্ত | ০২/০২/২০২৬ ১২১০ ঘটিকায় |

১। বিস্তারিত নিয়ম ও শর্তাদি সম্বলিত দরপত্র সিডিউল সকল কার্যদিবসে নগদ মূল্যে ক) এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ খ) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, লিঁয়াজো অফিস, ১০ম তলা, বিটিএমসি ভবন, ২ কাওরান বাজার, ঢাকা এবং গ) এলপি গ্যাস লিমিটেড, কৈলাশটিলা, গোলাপগঞ্জ, সিলেট থেকে ০১/০২/২০২৬ তারিখ বেলা ১৬০০ ঘটিকা পর্যন্ত ক্রয় করা যাবে।

২। দরপত্র খোলার দিন কোন দরপত্র বিক্রি করা হবে না।

৩। সীলমোহরকৃত দরপত্র উল্লিখিত তারিখ ও সময়ে এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪ এর সংরক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে।

৪। দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) এলপিজিএল এর চট্টগ্রাম কার্যালয়ে যথাসময়ে দরপত্র খোলা হবে।

৫। অনিবার্য কারণে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ সম্ভব না হলে পরবর্তী অফিস খোলার দিন উল্লিখিত স্থানে ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে।

৬। দরপত্র তফসিল www.bpc.gov.bd এবং www.lpgl.gov.bd থেকে ডাউনলোড করা যাবে, তবে ডাউনলোডকৃত তফসিলের মাধ্যমে দরপত্র দাখিল করার ক্ষেত্রে যথানিয়মে তফসিল ক্রয় বাবদ মূল রশিদ জমা দিতে হবে।

৭। এ বিষয়ে কোন তথ্যাদি জানতে মোবাইল নম্বর ০১৩২৯৭২৫৭৯৪ অথবা ০১৭১৯০৭৬৪৬৬ এর সাথে যোগাযোগ করা যাবে।

৮। এলপি গ্যাস লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(প্রকৌ: মোঃ ছিদ্দিক হোসেন)
মহাব্যবস্থাপক (ও এন্ড ডি)

LP GAS LTD. CTG North Patenga

## এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

## সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর রশিদপুরস্থ ফ্র্যাকশনেশন প্ল্যান্টের ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট (CRU) থেকে বাল্ক এলপিজি বিক্রির দরপত্র তফসিল।

### ১.০। সাধারণ নিয়ম ও শর্তাবলী:

১.১। সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি পর্যায়ে পরিচালিত এলপিজি বটলিং প্ল্যান্ট/অটোগ্যাস স্টেশন পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ তফসিলে বর্ণিত নিম্নোক্ত নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে।

১.২। সীলমোহরকৃত দরপত্রসমূহ এলপি গ্যাস লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রামস্থ কার্যালয়ের সংরক্ষিত টেন্ডার বক্সে আগামী ০২/০২/২০২৬ তারিখ সোমবার ১২০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং একই দিন ১২১০ ঘটিকায় দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।

১.৩। দরপত্রে উদ্ধৃত দর খোলার তারিখ হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বহাল (Offer Validity) থাকতে হবে।

১.৪। দরপত্রের সাথে নিরাপত্তা জামানত হিসেবে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা "এলপি গ্যাস লিমিটেড, চট্টগ্রাম" এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ডিডি আকারে জমা দিতে হবে। সঠিক জামানত ব্যতিরেকে জমাকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.৫। কৃতকার্য দরদাতাকে কেপিআই-এর আওতাভূক্ত সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর আওতাধীন রশিদপুরস্থ CRU প্ল্যান্টের সকল প্রকার নিরাপত্তামূলক ব্যবস্থা মেনে চলতে হবে।

১.৬। বাল্ক এলপিজি গ্রহণকালে কৃতকার্য দরদাতার মনোনিত প্রতিনিধির অসতর্কতার কারণে প্ল্যান্টের অভ্যন্তরে যদি কোন প্রকার দূর্ঘটনা ঘটে তবে তার সমস্ত দায় দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

১.৭। কৃতকার্য দরদাতা প্রতিষ্ঠান প্রয়োজনবোধে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হবিগঞ্জ জেলায় অবস্থিত রশিদপুরস্থ CRU প্ল্যান্টের বাল্ক এলপিজি ডেলিভারি পয়েন্ট পরিদর্শন করতে পারবে।

### ২.০। প্রয়োজনীয় কাগজপত্র ও দলিলাদি দাখিল:

২.১। দরপত্র তফসিল ক্রয়ের মূল রশিদ।

২.২। দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স।

২.৩। ই-টিআইএন, আয়কর ও ভ্যাট সনদপত্রের হালনাগাদ কপি।

২.৪। ট্যাংকলরির বিস্ফোরক লাইসেন্স এর হালনাগাদ কপি।

২.৫। সরকার কর্তৃক এলপিজি বটলিং প্ল্যান্ট, অটোগ্যাস প্ল্যান্ট স্থাপন/পরিচালনার জন্য অনুমোদিত কপি।

২.৬। বাল্ক এলপিজি পরিবহনের জন্য ক্যালিব্রেশনকৃত ট্যাংকলরির নম্বর ও পরিবহন ক্যাপাসিটি'র বিবরণসহ বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত কপি।

২.৭। নিরাপত্তা জামানত।

২.৮। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।

২.৯। দরদাতা প্রতিষ্ঠানের মালিকের এনআইডি বা প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল।

২.১০। বিআরটিএ কর্তৃক ট্যাংকলরির ফিটনেস সার্টিফিকেট।

### ৩.০। দর প্রদান ও মূল্য পরিশোধ:

৩.১। নির্ধারিত বাণিজ্যিক তফসিল 'ক'-এ প্রতি মেট্রিক টন বাল্ক এলপিজি'র জন্য উদ্ধৃত মূল্যের সাথে সরকার নির্ধারিত মূসক (প্রযোজ্য ক্ষেত্রে) যোগ করে মোট মূল্য উদ্ধৃত করতে হবে। বাণিজ্যিক তফসিল 'ক'-এ উদ্ধৃত দর থেকে মূসক বাদে প্রতি মেট্রিক টন বাল্ক এলপিজি'র মূল্যের উপর ভিত্তি করে সর্বোচ্চ দরদাতা নির্ধারণ করা হবে। বাণিজ্যিক তফসিলে কোন প্রকার ঘষা-মাজা বা ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্টরূপে লিপিবদ্ধ করতে হবে। মূল্যায়িত দরের সাথে সরকার নির্ধারিত মূসক যোগ করে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

L.P. GAS LTD. CTG North Patenga

চলমান পাতা---/২

৩.২। বিক্রয়াদেশ গ্রহণের পর মজুদ বিবেচনায় সংশ্লিষ্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি লট (আনুমানিক ৬.০০ থেকে ১৮.০০ মেট্রিক টন) বাল্ক এলপিজি'র মূল্য অনলাইনে/অফলাইনে "এলপি গ্যাস লিমিটেড" এর এসটিডি হিসাব নং ১৯৯৫১০২০০০০৪৪, পূবালী ব্যাংক লিমিটেড, হাদিপাড়া, চট্টগ্রাম এর অনুকূলে অগ্রিম পরিশোধপূর্বক প্রয়োজনীয় নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে বাল্ক এলপিজি গ্রহণ করতে হবে। বাল্ক এলপিজি'র বিপরীতে মূল্য পরিশোধের পর কোম্পানির সিলেটস্থ কৈলাশটিলা এলপিজি বটলিং প্ল্যান্ট, গোলাপগঞ্জ হতে **'ডিমান্ড অর্ডার (ডিও)'** গ্রহণপূর্বক রশিদপুরস্থ CRU প্ল্যান্ট থেকে বাল্ক এলপিজি গ্রহণ করতে হবে।

৩.৩। সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত ভোক্তা পর্যায়ে সরকারি এলপি গ্যাসের খুচরা মূল্যের চেয়ে কোন প্রতিষ্ঠানের দাখিলকৃত মূল্য কম হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না। তবে ভবিষ্যতে এলপিজি'র মূল্য বৃদ্ধি পেলে কোম্পানি কর্তৃক গঠিতব্য কমিটির সাথে মনোনিত প্রতিষ্ঠানের নিগোসিয়েশন এর মাধ্যমে মূল্য নির্ধারণ করা হবে, যা সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত ভোক্তা পর্যায়ে সরকারি এলপি গ্যাসের খুচরা মূল্যের চেয়ে কম হবে না, অন্যথায় বিক্রয়াদেশ বাতিল করা হবে।

৪.০। **বাল্ক এলপিজি সরবরাহ গ্রহণ:**

৪.১। বিক্রয়াদেশ প্রদানের তারিখ থেকে আগামী ২(দুই) বছর পর্যন্ত সময়ে প্রতি লট বাল্ক এলপিজি সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর আওতাধীন রশিদপুরস্থ CRU প্ল্যান্টের LPG Delivery Point থেকে মজুদ থাকা সাপেক্ষে সরবরাহ করা হবে। এলপিজি পরিবহনের ক্ষেত্রে ট্যাংকলরির সেফটি লিমিট বিবেচনা করা হবে। বিক্রয়াদেশ গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে এলপিজি সরবরাহ গ্রহণ করতে হবে।

৪.২। (ক) মনোনিত প্রতিষ্ঠান কর্তৃক রশিদপুরস্থ CRU প্ল্যান্টের এলপিজি Delivery Point এর ইনলেট লাইন ৩ ইঞ্চি এবং এলপিজি Vapour return line ২ ইঞ্চি এর সাথে সামঞ্জস্যপূর্ণ কানেকশনের ব্যবস্থাসহ বাল্ক এলপিজি ট্যাংকলরি ব্যবহার করতে হবে।

(খ) মনোনিত প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত এলপিজি ট্যাংকলরির এলপিজি হোস পাইপের Coupling এর সাথে রশিদপুরস্থ CRU প্ল্যান্টের এলপিজি ডেলিভারী পয়েন্টের Coupling এর মিল না থাকলে মনোনিত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক নিজ খরচে এলপিজি ট্যাংকলরির Coupling সামঞ্জস্য করে সংশোধনপূর্বক সরবরাহ নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে এলপিজিএল ও এসজিএফএল কর্তৃপক্ষ কোন খরচ বহন করবে না।

৪.৩। কোম্পানির নির্দেশনা অনুযায়ী বাল্ক এলপিজি গ্রহণে ব্যর্থ হলে কোন প্রকার নোটিশ প্রদান বা সময় বৃদ্ধি ব্যতিরেকে বিক্রয়াদেশ বাতিল করার ক্ষমতা এলপিজিএল সংরক্ষণ করবে।

৪.৪। মনোনিত দরদাতা প্রতিষ্ঠান'কে এলপিজি পরিবহন কাজে আন্তর্জাতিক মান সম্পন্ন এবং বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত ডেডিকেটেড ট্যাংকলরি ব্যবহার করতে হবে। বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত এলপিজি ট্যাংকলরি ব্যতীত অন্য কোন ট্যাংকলরিতে এলপিজি সরবরাহ করা হবে না। বাল্ক এলপিজি গ্রহণ কালে এলপিজি ট্যাংকলরির কোন প্রকার ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে উক্ত ট্যাংকলরিতে এলপিজি সরবরাহ করা হবে না।

৪.৫। রশিদপুরস্থ CRU প্ল্যান্টটি চালু/এলপিজি মজুদ থাকা সাপেক্ষে প্রতিমাসে কমপক্ষে ৪০-৮০ মেট্রিক টন এলপিজি সরবরাহ হতে পারে। কোন কারণে এ সরবরাহ ব্যাঘাত ঘটলে এলপিজিএল কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এছাড়া এলপিজি সরবরাহ নেয়ার ক্ষেত্রে বাংলাদেশ ট্যাংকলরির রোড পারমিট ক্যাপাসিটি ও ট্যাংক লরির সেফটি লিমিট বিবেচনায় আনতে হবে।

৪.৬। মনোনিত দরদাতা কর্তৃক নিজ দায়িত্বে ডেডিকেটেড ট্যাংকলরিতে বাল্ক এলপিজি গ্রহণ ও পরিবহন করতে হবে। এলপিজি গ্রহণের পর পরিবহন, বোতলজাত, অটোগ্যাস হিসেবে সরবরাহসহ সংশ্লিষ্ট বিষয়ে এলপি গ্যাস লিমিটেড কোন প্রকার দায় দায়িত্ব গ্রহণ করবে না।

৪.৭। রশিদপুরস্থ CRU প্ল্যান্ট থেকে বাল্ক এলপিজি বুঝে নেয়ার পর পরবর্তীতে গুনগত মানে তারতম্য ও পরিমাণে হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

LP GAS LTD. North Palenga

চলমান পাতা---/৩

৪.৮। সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেডের রশিদপুরস্থ CRU প্ল্যান্টে গ্যাসের মজুদ থাকা সাপেক্ষে সাধারণত রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে যেকোন সময়ে কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ সাপেক্ষে বাল্ক এলপিজি সরবরাহ করা হবে। তবে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ছুটির দিন/সাপ্তাহিক বন্ধ/সরকারি যে কোন বন্ধের দিন উদ্ভূত বিবেচনায় বাল্ক এলপিজি সরবরাহ করা হবে।

৪.৯। সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের রশিদপুরস্থ সিআরইউ প্ল্যান্টের স্ফেরিক্যাল টাইপ স্টোরেজ ট্যাংকের (এলপিজি মজুদাগার) লেভেল গেজ/ভলিউম মিটার এর রিডিং এবং ক্যালিব্রেশন চার্ট/ওজন স্কেল অথবা ফ্লো মিটার এর সহায়তায় (সিআরইউ প্ল্যান্টে সংযোজিত সিস্টেম অনুযায়ী) সরবরাহতব্য বাল্ক এলপিজির পরিমাপ নির্ণয় করা হবে।

৪.১০। দরপত্র সম্পর্কিত কোন তথ্যের/ব্যাখ্যার প্রয়োজন হলে তা অত্র কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তা প্রকৌশলী আবদুল মোমেন খান, উপ-মহাব্যবস্থাপক (ওএন্ডএম), মোবাইল নং ০১৩২৯৭২৫৭৯৪ এর সাথে অফিস চলাকালিন সময়ে যোগাযোগ করা যাবে।

৫.০। **বিক্রয়াদেশের মেয়াদঃ**

৫.১। বিক্রয়াদেশ প্রদানের তারিখ থেকে আগামী ২ বছর পর্যন্ত সময়ের জন্য এ বিক্রয়াদেশ কার্যকর থাকবে।

৫.২। এলপি গ্যাস লিমিটেড কর্তৃপক্ষ যে কোন কারণে এতদসংক্রান্ত বিক্রয়াদেশ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

৬.০। **জামানত ফেরত প্রদানঃ**

৬.১। মনোনিত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত 'নিরাপত্তা জামানত' বিক্রয়াদেশের মেয়াদকালীন সময় পর্যন্ত এলপি গ্যাস লিমিটেড এর হিসাব বিভাগে জমা থাকবে। মেয়াদান্তে লিখিত আবেদনের প্রেক্ষিতে নিরাপত্তা জামানতের টাকা বিনাসুদে যথানিয়মে ফেরত প্রদান করা হবে।

৬.২। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে বিক্রয়াদেশ দেয়ার পর অন্যান্য দরদাতা প্রতিষ্ঠানের নিরাপত্তা জামানত যথানিয়মে ফেরত দেওয়া হবে।

**এলপি গ্যাস লিমিটেড এর পক্ষে**

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, উপরে বর্ণিত দরপত্রের সকল শর্ত মেনে চলতে সম্মত আছি। আমি/আমরা এতদসঙ্গে সংযোজিত বাণিজ্যিক তফসিলে আমার/আমাদের উদ্ধৃত দরে এবং নির্ধারিত সময়ে তফসিলে বর্ণিত পরিমাণ বাল্ক এলপিজি গ্রহণের নিশ্চয়তা প্রদান করছি।

----------------

দরদাতার স্বাক্ষর
তারিখ ও সীলসহ

দরদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ______________________

______________________

______________________

______________________

মোবাইল নংঃ ______________________

ই-মেইল আইডিঃ ______________________

LP GAS LTD. North Patenga

চলমান পাতা---/৪

# এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

## বাণিজ্যিক তফসিল-'ক'

টাকায়

| বিবরণ | একক | প্রতি মেট্রিক টন এলপিজি'র মূল্য (মূসক বাদে) | প্রতি মেট্রিক টনে মূসক ( ৭.৫% ) (যেসকল দরদাতার জন্য প্রযোজ্য) | মূসকসহ প্রতি মেট্রিক টন এলপিজি'র মূল্য (যেসকল দরদাতার জন্য প্রযোজ্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ = ৩+৪ |
| সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড এর রশিদপুরস্থ ফ্র্যাকশনেশন প্ল্যান্টের ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট (CRU) থেকে বাল্ক এলপিজি বিক্রি। | মেট্রিক টন | | | |

মূসক বাদে প্রতি মেট্রিক টন এলপিজি'র উদ্ধৃত মূল্য কথায় (যার উপর ভিত্তি করে সর্বোচ্চ দরদাতা নির্ণয় করা হবে):

বি:দ্র: প্রতি মেট্রিক টনে মূসক সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী পরিশোধ করতে হবে।

দরদাতার স্বাক্ষর
(তারিখ ও সীলসহ)
মোবাইল নম্বর:

LP GAS LTD. North Patenga

এলপি গ্যাস লিমিটেড এর পক্ষে